# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

www.krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০২/২০২৪ — তারিখঃ ৩১/০১/২০২৪ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: বসত বাড়ির আঙ্গিনায় সবজি বাগান তৈরির উদ্দেশ্যে 'আমার আঙিনা-আমার কৃষি' কর্মসূচির আওতায় ঋণ প্রদানের নীতিমালা ও নিয়মাচার।**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের গ্রামীণ জনগণের জীবনমান উন্নয়ন এবং মহাজনি ঋণের কবল থেকে দরিদ্র কৃষকগোষ্ঠিকে রক্ষার লক্ষ্যে ১৯৭৩ সালে বাংলাদেশ কৃষি ব্যাংক পুনর্গঠন করেন। জাতির পিতার আদর্শ ছিলো কৃষি অর্থনীতিতে ঋণ বিনিয়োগের মাধ্যমে গ্রামীণ গণমানুষের অর্থনৈতিক মুক্তি। গ্রামীণ বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠী পুষ্টিহীনতা এবং খাদ্য নিরাপত্তাহীনতার শিকার। সুষ্থ ও সবলভাবে বেঁচে থাকার জন্য পুষ্টিকর খাবারের কোন বিকল্প নেই। জনসংখ্যা বৃদ্ধি ও ব্যাপক হারে কলকারখানা গড়ে উঠায় আবাদি জমির পরিমাণও ক্রমশ হ্রাস পাচ্ছে। এজন্য বসতবাড়ির আঙ্গিনায় স্বল্প জমিতে হলেও আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সবজি চাষ করা প্রয়োজন। এ বিষয়ে জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশ দিয়েছেন যে, 'দেশের এক ইঞ্চি জমিও পতিত রাখা যাবে না'। দেশের অধিকাংশ নারীরা পুঁজির অভাবে উৎপাদনমুখী কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারে না। এক্ষেত্রে নারীদের অর্থায়ন করার মাধ্যমে বসতবাড়ি আঙ্গিনায় পরিকল্পিতভাবে শাকসবজি চাষ, পারিবারিক খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণসহ পরিবারের চাহিদার অতিরিক্ত শাকসবজি বিক্রয়ের মাধ্যমে আয়বৃদ্ধির মাধ্যমে জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের ২৮-১১-২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৪৬তম সভায় নারীদেরকে বসত বাড়ির আঙ্গিনায় শাকসবজি চাষের জন্য 'আমার আঙিনা-আমার কৃষি' ঋণ কর্মসূচি'র আওতায় সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদানের নিমিত্ত নিম্নোক্তভাবে নীতিমালা ও নিয়মাচার প্রণয়নের অনুমোদন প্রদান করা হয়েছেঃ

০১। <u>ঋণ কর্মসূচির নাম</u> ঃ 'আমার আঙিনা-আমার কৃষি'।

০২। <u>ঋণের উদ্দেশ্য</u> ঃ

ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক এক ইঞ্চি জমিও পতিত রাখা যাবেনা এই অনুশাসনের বাস্তবায়ন;

খ) নারীর ক্ষমতায়নের অংশ হিসেবে পারিবারিক খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণসহ চাহিদার অতিরিক্ত শাকসবজি বিক্রয়ের মাধ্যমে নারীদের আর্থসামাজিক উন্নয়ন।

০৩। <u>ঋণ প্রাপ্তির যোগ্যতা</u> ঃ

বর্তমানে প্রচলিত অত্র ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ (প্রকা/এমপিডি(প্রশাসন) পরিপত্র নং-১৪/২০১৯, তারিখ: ২৪/১২/২০১৯) এর ২.০১ নং অনুচ্ছেদে বর্ণিত নারীগণ এ ঋণ প্রাপ্তির যোগ্য হবেন।

০৪। <u>ঋণের প্রকৃতি ও আওতাধীন এলাকা</u> ঃ

স্বল্পমেয়াদি ঋণ আকারে বিতরণযোগ্য। বিকেবি'র সকল শাখা হতে শুধু মাত্র নারী গ্রাহকদের এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করা যাবে।

০৫। <u>ঋণের আবেদন ফরমঃ</u>

জামানত বিহীন এ ঋণের জন্য মূল্যহীন আবেদন ফরম (সংযুক্তি-০১) ব্যবহার করতে হবে। শস্য ঋণের ন্যায় এ ঋণের জন্য কোন আলাদা ফি আদায় করা যাবে না।

০৬। ঋণ আবেদন মূল্যায়নঃ

০৭। ঋণের জামানতঃ

আলোচ্য ঋণ প্রদানের ক্ষেত্রে সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকে অন্যান্য সকল নিয়মাবলীসহ নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে ঃ

ক) ঋণ গ্রহীতা বসতবাড়ির আঙ্গিনায় শাকসবজি চাষ করবেন মর্মে শাখার মাঠকর্মী ও ব্যবস্থাপক কর্তৃক নিশ্চিত হতে হবে;

খ) উৎপাদিত শাকসবজি ব্যাংকের অনুকূলে বন্ধক থাকবে;

গ) প্রত্যেক ঋণ গ্রহীতার স্বামী/বৈধ অভিভাবক (প্রাপ্ত বয়স্ক সন্তান/ভাই/বাবা/দেবর/ভাশুর) এর যে কোন একজন গ্যারান্টি হতে হবে;

ঘ) ঋণ গ্রহীতার স্বামী/বৈধ অভিভাবক এর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি গ্রহণ করতে হবে;

ঙ) ঋণ গহীতার ও তার স্বামী/বৈধ অভিভাবক এর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি গ্রহণ করতে হবে;

চ) অবিবাহিত/বিধবা/তালাকপ্রাপ্ত নারী ঋণ গ্রহিতাদের ক্ষেত্রে বৈধ অভিভাবককে গ্যারান্টি প্রদান করতে হবে এবং তাদের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি গ্রহণ করতে হবে;

ছ) নির্ধারিত দেয় তারিখ অতিক্রান্ত হওয়ার ছয় মাসের মধ্যে ঋণ আদায় না হলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

০৮। ঋণের পরিমাণঃ গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ৫ হাজার থেকে সর্বোচ্চ ১০ হাজার টাকা। একটি সবজি চাষের জন্য ৫ হাজার টাকা এবং একের অধিক শাক সবজি চাষের জন্য সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে।

০৯। গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদঃ ০৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১২ (বারো) মাস।

১০। ঋণ ঝুঁকি নির্ণয়ঃ

ব্যাংকে বর্তমানে প্রচলিত নিয়মানুসারে ঋণ ঝুঁকি নির্ণয় করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

১১। ঋণ মঞ্জুরি ক্ষমতাঃ

যে কোন পদমর্যাদার কর্মকর্তা শাখা ব্যবস্থাপক হিসেবে এ কর্মসূচির আওতায় এ ঋণ মঞ্জুর করতে পারবে (মঞ্জুরিপত্রের নমুনা সংযুক্তি-০২)। সময়ে সময়ে ব্যাংক কর্তৃক পরিবর্তিত ব্যবসায়িক ক্ষমতা এক্ষেত্রেও প্রয়োগযোগ্য হবে।

১২। ঋণের সুদের হারঃ

বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত কৃষি ঋণ সুদের সমহার। বার্ষিক ভিত্তিতে সুদ আরোপ করে হিসাবভুক্ত করতে হবে।

১৩। ঋণের দলিলায়নঃ

১) ডি, পি, নোট গ্রহণ করতে হবে;

২) ঋণ গ্রহীতার ছবি;

৩) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (সঠিকতার প্রত্যয়নসহ);

৪) দায়বদ্ধ রাখার একরারনামা (সাদা কাগজে সংযুক্তি-০৩);

৫) অঙ্গীকারনামা (সাদা কাগজে সংযুক্তি-০৪);

৬) Spouse/বৈধ অভিভাবকের guarantee (সাদা কাগজে সংযুক্তি-০৫);

৭) উৎপাদিত শাক সবজি বন্ধক থাকবে;

১৪। ঋণ বিতরণ খাতঃ

বসতবাড়ির আঙ্গিনায় চাষযোগ্য এমন শাকসবজি চাষ যেমন লালশাক, ধনেপাতা, পুঁইশাক, মূলা, টমেটো, করলা, ডাঁটাশাক, ঢেঁড়স, শসা, মরিচ, মিষ্টি কুমড়া, গিমা কলমি সহ কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় বর্ণিত যে কোন শাকসবজি উৎপাদন খাতে এ ঋণ বিতরণযোগ্য হবে। একটি নমুনা সবজি বাগানের মডেল পরিশিষ্ট-৬ এ সংযুক্ত করা হলো।

১৫। ঋণ বিতরণ লক্ষ্যমাত্রাঃ

এ খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শাখা ভিত্তিক শস্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আওতাভুক্ত থাকবে।

চলমান পাতা-০৩

১৬। <u>বিতরণ পদ্ধতিঃ</u>

ক) যে সকল নারী গ্রাহকের বসতবাড়ির আঙ্গিনায় শাকসবজি চাষাবাদযোগ্য শুধু মাত্র তাদেরকেই এ ঋণ সুবিধা প্রদান করা যাবে;

খ) সংশ্লিষ্ট শাখায় ঋণ গ্রহীতার নামে ১০ টাকা সঞ্চয়ী হিসাব খুলে উক্ত ঋণের টাকা প্রদান করতে হবে।

১৭। <u>ঋণের হিসাব খাতঃ</u>

এ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণসমূহ স্বল্প মেয়াদি ঋণ-১০১ (সিবিএস কোড ১১০১) খাতে এর ১০১/০১ উপখাতে হিসাবভুক্ত করতে হবে। তবে ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে পড়লে ব্যাংকের বিদ্যমান নিয়মে মেয়াদোত্তীর্ণ হিসাবের খাতে স্থানান্তরিত হবে।

১৮। <u>ঋণ আদায়/পরিশোধ পদ্ধতিঃ</u>

মেয়াদকাল সর্বোচ্চ ০৩ (তিন) মাস গ্রেস পিরিয়ডসহ ০৯ (নয়) টি মাসিক/০৩টি ত্রৈমাসিক কিস্তিতে ঋণটি সুদসহ আদায়যোগ্য হবে। অর্থাৎ মোট মেয়াদকাল হবে ০১ (এক) বছর।

১৯। <u>তত্ত্বাবধান ও পরিধারণ</u> ঃ

শাখার মাঠকর্মী ও শাখা ব্যবস্থাপক নিবিড় তদারকির মাধ্যমে ঋণের ব্যবহার, ঋণ হিসাব পরিচালনা, যথাসময়ে আদায় নিশ্চিতকরণসহ, তত্ত্বাবধান ও পরিধারণ কার্যক্রম পরিচালনা করবেন। এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি, লক্ষ্যমাত্রা অর্জন এবং সম্ভাবনাময় এ খাতে কৃষি ব্যাংকের ভূমিকা জোরদার করার লক্ষ্যে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে মাঠ পরিদর্শনকালে শাখা ও উদ্যোক্তাদেরকে উদ্বুদ্ধ করতে হবে। ঋণদান জোরদারকরণ ও উদ্যোক্তাদেরকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি অঞ্চলে এ খাতে নতুন গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করতে হবে। এ ছাড়া নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ

(ক) মঞ্জুরি ক্ষমতা ও ঋণের অপব্যবহার রোধকল্পে উক্ত খাতে বিতরণকৃত ঋণের টাকা যথাযথ খাতে ব্যবহৃত হয়েছে মর্মে শাখা ব্যবস্থাপকের প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ঋণ নথিতে আবশ্যিকভাবে সংরক্ষণ ও শাখা নিরীক্ষাকালে নিরীক্ষাদল কর্তৃক তা যাচাইযোগ্য হবে;

(খ) অন্য বাড়ির আঙ্গিনায়/ছাদে/ফ্ল্যাট বাসার ছাদে শাকসবজি চাষে এই ধরনের সুবিধা প্রদান করা যাবে না;

(গ) শাখা কর্তৃক মাসিক ভিত্তিতে, মুখ্য আঞ্চলিক কার্যালয় কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে ও বিভাগীয় কার্যালয় হতে ষান্মাসিক ভিত্তিতে প্রদত্ত ঋণ সমূহের সামগ্রিক তথ্য সংগ্রহ, পর্যালোচনা ও পরিধারণ নিশ্চিত করতে হবে।

২০। <u>পরিদর্শন ও যাচাই</u> ঃ

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ শাখা পরিদর্শন কালে এ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ সমূহের মঞ্জুরি ও বিতরণের যথার্থতা পরীক্ষা/পর্যালোচনা করবেন। তাছাড়া ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষাকালে ঋণের সদ্ব্যবহার যাচাই করতে হবে।

২১। <u>প্রতিবেদন প্রেরণ</u> ঃ

ব্যাংক শাখাসমূহ এ খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি সংরক্ষণ করতে হবে। এ কর্মসূচির আওতায় শাখা কর্তৃক বিতরণকৃত ঋণসমূহের শাখা/অঞ্চলওয়ারী অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে নিম্নোক্ত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে বিকেবি, কৃষি ও পল্লী ঋণ বিভাগে প্রেরণ করতে হবে।

(লক্ষ টাকায়)

| শাখা ও অঞ্চল নাম | ঋণ বিতরণ | | | | আদায়যোগ্য ঋণ | | আদায়কৃত ঋণ | | | | মেয়াদোত্তীর্ণ ঋণ | | অনাদায়ি ঋণস্থিতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | পরিমাণ | পুঞ্জিভূত সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | পুঞ্জিভূত সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

চলমান পাতা-০৪

২২। বর্ণিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে বসতবাড়ির আঙ্গিনায় পরিকল্পিতভাবে উন্মুক্ত প্রযুক্তি ব্যবহার করে শাকসবজি চাষ করণের নিমিত্ত নারী গ্রাহকদের অনুকূলে ঋণ বিতরণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

৩১/০১/২০২৪

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ০২৪৭৭১১৫৩৪৪

বিতরণঃ

০১। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৪। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিকেবি-প্রকা জেঃক্রেঃবিঃ/১/৩(৭)/অংশ-১২/২০২৩-২০২৪/১৪২৬(১২৫০) তারিখঃ ৩১/০১/২০২৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি / মহানথি।

৩১/০১/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
dgmlad1@krishibank.org.bd
ফোনঃ০২২২৩৩৫৮৬৮১

সংযুক্তি-'০১'

# বসতবাড়ির আঙ্গিনায় নারী গ্রাহকদের শাকসবজি চাষের জন্য ঋণের নমুনা আবেদন পত্র

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
... ... ... ... ... শাখা
জেলা ... ... ... ... ...

শাখার জন্য প্রযোজ্য
ঋণ হিসাব নম্বরঃ ... ... ...
দরখাস্ত গ্রহণের তারিখঃ

ছবি

বিষয়ঃ . . . . . . . . . . জন্য ঋণ প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

আমি/আমরা আপনার ব্যাংক শাখা হতে . . . . . . . অর্থ বছরে বসতবাড়ির আঙ্গিনায় শাক সবজি চাষের জন্য ঋণ গ্রহণে ইচ্ছুক এবং এতদুদ্দেশ্যে নিম্নলিখিত তথ্যাবলি সরবরাহ করিতেছি।

১। আবেদনকারীর নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বয়সঃ ... ... ... .

২। পিতা/স্বামীর নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..

৩। মাতার নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..

৪। পূর্ণ ঠিকানা ঃ গ্রামঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ডাকঘর ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...
ইউনিয়নঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... থানা/উপজেলাঃ ... ... ... ... ... ... ... ... ...

৫। জাতীয় পরিচয় পত্র নং ঃ

৬। মোবাইল ফোন নং ঃ

৭। আবেদনকৃত ঋণের সংশ্লিষ্ট চাষাধীন বসতবাড়ির আঙ্গিনা ও উৎপাদিত পণ্যের বিস্তারিত বিবরণ ঃ-

| বিবরণ | মালিকানা | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ | উৎপাদিতব্য ফসল/পণ্যের নাম | প্রার্থীত ঋণের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| বাড়ির আঙিনা | নিজস্ব/স্বামী/বৈধ অভিভাবক | | | | | | | |

৮। ঋণ/বিনিয়োগের জামানত ঃ প্রদত্ত ঋণের বিপরীতে উৎপাদিত সবজি ব্যাংকের নিকট বন্ধক থাকিবে।

৯। পরিশোধ পদ্ধতি ও ঋণ/বিনিয়োগের মেয়াদ ঃ সংশ্লিষ্ট ঋণ গ্রহণের দিন হইতে ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সুদ/মুনাফাসহ পরিশোধযোগ্য।

১০। বর্তমান দায়-দেনার পরিমাণঃ অপরিশোধিত ঋণ/বিনিয়োগের পরিমাণঃ
(ক) স্বল্প মেয়াদি ঋণ/বিনিয়োগ ঃ
(খ) মেয়াদি ঋণ/বিনিয়োগ ঃ

১১। আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, অত্র আবেদন পত্রে দাখিলকৃত সমগ্র তথ্যাবলি সম্পূর্ণ নির্ভুল ও সত্য। আমি/আমরা এই মর্মে প্রতিশ্রুতি ও অংগীকার করিতেছি যে, মঞ্জুরিকৃত ঋণ/বিনিয়োগ নির্দিষ্ট কাজে যথাযথভাবে ব্যবহার করিব এবং এই অর্থ কোনক্রমেই অন্য কোন কাজে ব্যবহার করিব না। আমি/আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, মঞ্জুরিকৃত ঋণ/বিনিয়োগের পরিপ্রেক্ষিতে ব্যাংক আরোপিত সকল শর্তাবলি যথাযথভাবে মানিয়া চলিব এবং গৃহীত ঋণ সময়মতো সুদসহ সম্পূর্ণরূপে ঋণ পরিশোধ করিব। অন্যথায় প্রচলিত আইনের আওতায় আদালতে মামলা দায়ের/কেসের মাধ্যমে ব্যাংক আমার নিকট হইতে সমুদয় পাওনা আদায়ের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহির সনাক্তকারীর স্বাক্ষর
নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
পিতার নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...
পূর্ণ ঠিকানা ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

১২। মাঠকর্মী/পরিদর্শনকারী/সংশ্লিষ্ট কৃষি কর্মকর্তার সুপারিশঃ আবেদনকারী কর্তৃক উপরোক্ত তথ্যাবলি আমি সরেজমিনে পরিদর্শন/দাখিলকৃত তথ্যাদি ও দলিলাদি পর্যালোচনা করিয়া সন্তুষ্ট হইয়া সনদ প্রদান করিতেছি যে, বর্ণিত তথ্যাবলি সত্য ও নির্ভুল। আবেদনকারীকে নিম্নোক্ত বসতবাড়ির আঙ্গিনায় সবজি চাষের জন্য মার্জিন বাদে ... ... ... ... ... ... ... ... ... টাকা ঋণ মঞ্জুরির সুপারিশ করিতেছি।

| | উৎপাদিত শাক সবজির নাম | ইকুইটি/মার্জিন | ঋণ/বিনিয়োগের পরিমাণ |
|---|---|---|---|
| ক) | | | |
| খ) | | | |
| গ) | | | |

মাঠকর্মী/পরিদর্শনকারী/সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর, সীল ও মোবাইল নম্বর

**শাখায় সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগের মোবাইল নম্বরঃ**

১৩। ঋণ/বিনিয়োগ মঞ্জুরকারী কর্মকর্তা কর্তৃক পূরণীয়ঃ

ক) মঞ্জুরিকৃত মোট ঋণ/বিনিয়োগের পরিমাণ ঃ টাকা ... ... ... ... ... ... কথায় ... ... ... ... ... ... ... ... ... ... মাত্র;

খ) মঞ্জুরির তারিখ ঃ ... ... ... ... ... ... গ) জামানত ঃ উৎপাদিত শাক সবজি, অন্যান্য দলিলাদি।

ঘ) সুদ/মুনাফার হার ঃ বার্ষিক ... ...% হারে সরল সুদ/মুনাফা প্রযোজ্য হইবে। সুদ/মুনাফা হার পরিবর্তনশীল। ব্যাংক কর্তৃক সুদ/মুনাফা হার পরিবর্তন করা হইলে পরিবর্তিত সুদ/মুনাফা হার প্রযোজ্য হইবে।

ঙ) ঋণ/বিনিয়োগের ধরণ ঃ

চ) ঋণ/বিনিয়োগের মেয়াদ ও পরিশোধ পদ্ধতি ঃ

ছ) ঋণ/বিনিয়োগের পরিমাণ ঃ

| উৎপাদিত শাক সবজির নাম | উপকরণ (টাকায়) | মোট টাকা | ইকুইটি/মার্জিন | ঋণ/বিনিয়োগের পরিমাণ | বিতরণের তারিখ | পরিশোধের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১) | | | | | | |
| ২) | | | | | | |
| ৩) | | | | | | |
| ৪) | | | | | | |
| ৫) | | | | | | |

তারিখঃ ... ... ... ... ... ... ...

ঋণ/বিনিয়োগ মঞ্জুরকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

১৪। যেহেতু আমাকে/আমাদিগকে ... ... ... ... ... ... ব্যাংক হতে ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলিতে মোট টাকা ঃ ... ... ... ... ... (কথায় ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... মাত্র) সবজি চাষ করার জন্য মঞ্জুর করা হইয়াছে, সেহেতু আমি/আমরা এতদ্দ্বারা অঙ্গীকার করিতেছি যে, আমরা/আমাদের আবেদনপত্রে বর্ণিত সবজি চাষ যা আমার/আমাদের নিজ হেফাজতে বা অন্য কাহারো হেফাজতে আছে/থাকিবে বা অন্য স্থানে নেওয়া হইতেছে বা হইবে তাহা উক্ত ঋণ/বিনিয়োগের জামানত স্বরূপ গণ্য হইবে এবং ঋণ/বিনিয়োগ পরিশোধ না করা পর্যন্ত ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকিবে। প্রয়োজনবোধে ব্যাংক উক্ত সবজি চাষ অথবা আবেদনপত্রে উল্লিখিত নিজ মালিকানাধীন জমি বিক্রয় করিয়া ব্যাংকের ঋণ/বিনিয়োগ বাবদ পাওনা আসল ও সুদ/মুনাফা আদায় করিয়া নিতে পারিবে। ইহাতে আমার/আমাদের কোন ওজর আপত্তি থাকিবে না, কোন আপত্তি থাকিলে তাহা আইনগত অগ্রাহ্য হইবে। ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগ পরিশোধ না করা পর্যন্ত তফসিল বর্ণিত নিজ মালিকানাধীন জমি কাহারো নিকট দায়বদ্ধ/হস্তান্তর করিব না এবং জমির খাজনাদি নিয়মিত পরিশোধ করিব। উপরোক্ত শর্তাবলিতে ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত মোট টাকা ঃ ... ... ... ... ... ... ... ... ... (কথায় ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... মাত্র) ঋণ/বিনিয়োগের জন্য অত্র দলিল স্বেচ্ছায় ও স্বজ্ঞানে সম্পাদন করিলাম।

চুক্তি সম্পাদনের তারিখঃ ... ... ... ... ... ...

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

১৫(ক)। জামিনদারের হলফনামা ঃ (পরিবারের সদস্যবৃন্দ/আত্মীয়স্বজন অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার অথবা সংশ্লিষ্ট ব্যাংকের গ্রাহক জামিনদার হইতে পারিবে)

আমি এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, উপরোক্ত ঋণ/বিনিয়োগ গ্রহীতার অনুকূলে মঞ্জুরিকৃত ঋণ/বিনিয়োগের টাকা ... ... ... ... ... ... (কথায় ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... মাত্র) যথাসময়ে সুদ/মুনাফা ও অন্যান্য খরচাদিসহ পরিশোধ করা না হইলে আমি ঋণ/বিনিয়োগ গ্রহীতার পক্ষে জামিনদার হিসেবে উক্ত ঋণ/বিনিয়োগের সমুদয় টাকা সুদ/মুনাফাসহ ব্যাংক কর্তৃক চাহিবামাত্র পরিশোধ করিতে বাধ্য থাকিব।

তারিখঃ ... ... ... ... ... ...

জামিনদারের স্বাক্ষর/টিপসহি
(টিপসই হইলে শনাক্ত করিতে হইবে)

টিপসহির শনাক্তকারীর স্বাক্ষর

সনাক্তকারীর নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...

ঠিকানা ঃ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

পিতার নাম ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

পূর্ণ ঠিকানা ঃ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

মোবাইল নং ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

এন আই ডি নং ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

বাংলাদেশ কৃষি ব্যাংক

সংযুক্তি-'০২'

-----------শাখা।

--------- অঞ্চল।

মঞ্জুরিপত্র (শাখা হতে ঋণগ্রহীতা)

(গোপনীয়)

সুত্র নং ...

তারিখঃ ......

প্রাপক, নাম.................................... মোবাইল নং-
পিতার নামঃ .................
গ্রামঃ..........ডাকঘর
থানা/উপজেলাঃ জেলাঃ

নমুনা কপি

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-----/২০২৩ তারিখঃ ----/২০২৩ এর আওতায় মঞ্জুরিকৃত ঋণ।

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং----/২০২৩ তারিখঃ---/২০২৩ এর মোতাবেক বসত বাড়ির আঙ্গিনায় নারী গ্রাহকদের শাক সবজি চাষের জন্য প্রথম বিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১২মাস মেয়াদে ...........লক্ষ টাকা ঋণ মঞ্জুরি প্রসঙ্গে।

মহোদয়,

-----------তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধন কার্যালয়ের ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং----২০২৩ তারিখঃ ----/২০২৩ এর মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১২মাস মেয়াদে --------লক্ষ টাকা বিশেষ ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | সুযোগ সুবিধার ধরণ | ঃ | বসত বাড়ির আঙ্গিনায় সবজি চাষের জন্য ঋণ প্রদান। |
| ২। | মঞ্জুরীর বিভাজন | ঃ | দায়-বন্ধকিতে ----------- লক্ষ টাকা। |
| ৩। | মোট টাকা | ঃ | দেশীয় মুদ্রায় ------------- লক্ষ টাকা। |
| ৪। | ঋণ মার্জিন অনুপাত | ঃ | ------ ঃ ----------। |
| ৫। | ঋণের প্রকৃতি | ঃ | মেয়াদি ঋণ। |
| ৬। | উদ্দেশ্য | ঃ | বসতবাড়ি আঙ্গিনায় পরিকল্পিতভাবে উন্মুক্ত প্রযুক্তি ব্যবহার করে শাক সবজি চাষ করার মাধ্যমে পারিবারিক খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং আয় বৃদ্ধি করা। |
| ৭। | সহায়ক জামানত | ঃ | মঞ্জুরীকৃত ঋণের বিপরীতে উৎপাদিত পণ্য প্রচলিত নিয়ম অনুযায়ী ব্যাংকের নিকট বন্ধক থাকবে। ঋণটি সুদাসলে পরিশোধ সাপেক্ষে গৃহীত দলিলাদি/কাগজপত্রাদি ফেরতযোগ্য। |
| ৮। | সহায়ক জামানতের উপর চার্জ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করা হবে। |
| ৯। | দলিল সম্পাদন | ঃ | সংযুক্তি '০২' মোতাবেক। |
| ১০। | সুদের হার | ঃ | এ ঋণের জন্য সুদের হার হবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত কৃষি ঋণের সুদের সমহার। বার্ষিক ভিত্তিতে সুদ আরোপ করে হিসাবভুক্ত করতে হবে। |
| ১১। | ঋণের মেয়াদ | ঃ | ১ম উত্তোলনের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১২ মাস । অর্থাৎ ঋণের মোট মেয়াদকাল ০১ বছর। |
| ১২। | বিতরণ পদ্ধতি | ঃ | মঞ্জুরীকৃত ঋণের টাকা শাখায় ঋণ গ্রহীতার নামে সঞ্চয়ী হিসাব খুলে উক্ত ঋণের টাকা প্রদান করতে হবে। |
| ১৩। | বীমা | ঃ | প্রযোজ্য নয়। |
| ১৪। | ঋণ তত্ত্বাবধান/পরিধারণ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১৫। | ঋণ পরিশোধ | ঃ | ১ম উত্তোলনের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ড বাদে ৯টি মাসিক/৩টি ত্রৈমাসিক কিস্তিতে সুদাসলে পরিশোধযোগ্য। |
| ১৬। | অন্যান্য শর্তাবলি | ঃ | সংযুক্তি '০৩' মোতাবেক। |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নতুন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/রহিত করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

যদি উপরোক্ত শর্তাবলি গ্রহণযোগ্য হয় তাহা হইলে অত্র মঞ্জুরিপত্রের একটি অনুলিপি "গৃহীত এবং স্থিরীকৃত"বলিয়া স্বাক্ষর দান পূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট......তারিখের মধ্যে ফেরত পাঠাইতে হইবে।

"গৃহীত এবং স্থিরীকৃত

স্বাক্ষরঃ ০১।

আপনার বিশ্বস্ত

ব্যবস্থাপক

সংযুক্তি-'০৩'

বাংলাদেশ কৃষি ব্যাংক

................. শাখা

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-...../২০২৩ তারিখঃ -------/২০২৩ এর মোতাবেক বসতবাড়ির আঙ্গিনায় নারী গ্রাহকদের শাকসবজি চাষের জন্য মঞ্জুরীকৃত ঋণের বিপরীতে দায়বদ্ধ রাখার একরারনামা প্রদান প্রসঙ্গে।

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
.................... শাখা

## একরারনামা (সাদা কাগজে)

এ একরারনামা ২০২৩ ইং সনের .................. তারিখে ঋণের আবেদনপত্রে বর্ণিত ঠিকানায় বসবাসকারী আমি...................... পিতা.........................................মাতা..................................... স্বামী/স্ত্রী...................................... কর্তৃক সম্পাদিত হলো। এ দলিল আমার উত্তরাধিকারীগণ, তত্ত্বাবধায়ককারীগণ, তত্ত্বাবধায়কবৃন্দ অনুমোদিত প্রতিনিধিবৃন্দ ও নির্দিষ্ট ব্যক্তিগণকে অন্তর্ভুক্ত করবে।

যেহেতু ......................................ব্যাংক আমাকে ...............................কার্যে ব্যবহারের উদ্দেশ্যে ...................................... টাকা বার্ষিক শতকরা ...................................... সুদে ঋণ মঞ্জুর করেছে, যতদিন পর্যন্ত উপরোক্ত ঋণের টাকা ও তার সুদ অন্যান্য আনুষঙ্গিক খরচ বা দাবি দাওয়া পরিশোধ না করা হবে ততদিন পর্যন্ত উক্ত ঋণের টাকা দ্বারা যে সমস্ত সম্পত্তি অর্জিত হবে তার মালিকানা অধিকার ব্যাংকের রইল এবং থাকবে। আমি এতদ্দ্বারা স্বীকার ও অঙ্গীকার ও নিশ্চয়তা প্রদান করছি যে, যতদিন পর্যন্ত উক্ত ঋণের টাকা সুদ ও অন্যান্য দাবি সহ পরিশোধ না হবে ততদিন এ ঋণের অর্জিত সম্পত্তি কারো নিকট হস্তান্তর করব না, করলে আইন অনুযায়ী অগ্রাহ্য হবে, এতদ্দ্বারা ক্রয়কৃত দ্রব্যাদির উপর ব্যাংকের মালিকানা স্বত্ব থাকবে।

আমি ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কিংবা সময়ে সময়ে পরিবর্তিত ব্যাংক সম্যক আইন কানুন সাপেক্ষে ঋণ গ্রহণের যাবতীয় নির্দেশ, চুক্তি ও শর্ত মানতে বাধ্য থাকব।

সাক্ষী ঃ

ঋণগ্রহীতার স্বাক্ষর ও তারিখ

১। নাম ঃ ......................................
পিতার নাম ......................................
ঠিকানা ঃ ......................................

২। নাম ঃ ......................................
পিতার নাম ......................................
ঠিকানা ঃ ......................................

সংযুক্তি-'০৪'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................. শাখা

## অঙ্গীকারনামা (সাদা কাগজে)

(বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- তারিখঃ ---২০২৩ মোতাবেক বসতবাড়ির আঙ্গিনায় নারী গ্রাহকদের শাক সবজি চাষের জন্য মঞ্জুরিকৃত ঋণের বিপরীতে অঙ্গীকারনামা)

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, বাংলাদেশ কৃষি ব্যাংক.................... শাখা হইতে আমার অনুকূলে মঞ্জুরীকৃত ও বিতরিত ঋণের (ঋণ নথি নং................................) আসল টাকা ........................... পরিশোধের ব্যাপারে ঋণ মঞ্জুরি পত্রের শর্তাবলি মানিয়া চলিব এবং যথারীতি সমুদয় কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিব। ঋণের কিস্তি (সুদাসল ও প্রযোজ্য অন্যান্য খরচাদিসহ) কোনক্রমেই খেলাপ করিব না এবং ঋণের সম্পূর্ণ টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত টাকা পরিশোধ অব্যাহত রাখিব। আমি আরও অঙ্গীকার করিতেছি যে, ঋণের টাকা পরিশোধে ব্যর্থতার জন্য ব্যাংক কর্তৃক আইন ও বিধি মোতাবেক আমার এবং আমার আইনগত উত্তরাধিকার এর বিরুদ্ধে যে কোন নির্দেশ বা ব্যবস্থা গ্রহণ করিলে উহা মানিতে বাধ্য থাকিব/থাকিবে এবং ইহাতে আমার কোন আপত্তি থাকিবে না।

তারিখ ঃ

স্বাক্ষীগণ

১। স্বাক্ষর
নাম ঃ ......................................
পিতার নাম ......................................
ঠিকানা ঃ ......................................
মোবাইল নং-

২। স্বাক্ষর
নাম ঃ ......................................
পিতার নাম ......................................
ঠিকানা ঃ ......................................
মোবাইল নং-

ঋণগ্রহীতার স্বাক্ষর ঃ

স্বাক্ষর

নাম ঃ
পিতার নাম ঃ
মাতার নাম ঃ
গ্রাম ঃ
ডাকঘর ঃ
উপজেলাঃ
জেলা ঃ
মোবাইল নংঃ

সংযুক্তি-'০৫'

# স্পাউস/ বৈধ অভিভাবক গ্যারান্টি (সাদা কাগজে)

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, আমার স্ত্রী/স্বামী/বোন/ভাই জনাব........................................ পিতা............................................................ মাতা........................................ গ্রাম.................................... উপজেলা.............................. জেলা.................................... এর নামে বাংলাদেশ কৃষি ব্যাংক............................... শাখা হইতে বসতবাড়ির আঙ্গিনায় শাকসবজি চাষের জন্য মঞ্জুরীকৃত টাকা ...................................... যথাযথভাবে ব্যবহৃত হইবে এবং ঋণটি সুদে আসলে যথাসময়ে আদায় নিশ্চিত হইবে।

০২। আমি আরও নিশ্চয়তা প্রদান করিতেছি যে, এই ঋণের সকল নিয়মকানুন যথাযথভাবে মানিয়া চলা হইবে।

০৩। আমি আরও অঙ্গীকার করিতেছি যে, ঋণের টাকা সদ্ব্যব্যবহার না হইলে অথবা যথাসময়ে আদায় নিশ্চিত না হইলে আমি ব্যক্তিগতভাবে ঋণটি সুদাসলে মেয়াদোত্তীর্ণের এক মাসের মধ্যে পরিশোধ করিতে বাধ্য থাকিব। অন্যথায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণটি আদায়ের ব্যাপারে আমার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণ করিলে আমি তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব। ইহাতে আমি কোন আপত্তি করিব না, করিলেও তাহা আইনত অগ্রাহ্য হইবে।

সাক্ষী ঃ


১। স্বাক্ষর ঃ .......................................
পুর্ণ নাম ঃ .......................................
পিতার নাম ঃ ...................................
মোবাইল নংঃ
ঠিকানা ঃ ..........................................
......................................................

০২। স্বাক্ষর ঃ .......................................
পর্ণ নাম ঃ .......................................
পিতার নাম ঃ ...................................
মোবাইল নংঃ
ঠিকানা ঃ ..........................................
......................................................

স্বাক্ষর ঃ .......................................
নাম ঃ .......................................
বর্তমান ঠিকানা (মোবাইল নং সহ) ঃ.................................
..........................................................
..........................................................

স্থায়ী ঠিকানা ঃ
পিতা ঃ..............................................................
গ্রাম ঃ................................................................
ডাকঘর ঃ ...........................................................
থানা ঃ ..............................................................
জেলা ঃ ..............................................................

# বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক মিনি পলি শেডে'আমার আঙিনা-আমার কৃষি' স্থাপনের কৌশল/গাইডলাইন




'আমার আঙিনা-আমার কৃষি' সবজি বাগান স্থাপনের লে-আউট

**বাস্তবায়ন গাইডলাইন (এক শতাংশ জমির জন্য)**

১. মিনি পলি শেডে বাগানের আয়তন হবে কমপক্ষে ০১ শতক;
২. বর্ষাকালে বৃষ্টির কারণে বীজ বা রোপনকৃত চারা যাতে নষ্ট না হয় এবং ফসলের সুরক্ষা প্রদানের জন্য মিনি পলি শেডের নিচে নিয়ন্ত্রিত পরিবেশে সবজি চাষ করতে হবে;
৩. মিনি পলি শেডে শীতকালে কোল্ড ইনজুরি হতে খামারের চারা রক্ষা এবং চারার রিকভারি পিরিয়ড দ্রুতায়নে সহযোগিতা করবে;
৪. ৯টি সিমেন্টের বা বাঁশের খুঁটির উপর নির্মিত ফ্রেমে পলি শেডের ছাউনি তৈরি করতে হবে;
৫. ১০ ফুট উচ্চতার ৩টি পিলার/বাঁশের খুঁটি মাঝ সারি বরাবর ব্যবহার করতে হবে;
৬. ৮ ফুট উচ্চতার ৬টি পিলার/বাঁশের খুঁটি (উভয় পাশে ৩টি করে) ডান ও বাম সারি বরাবর ব্যবহার করতে হবে;
৭. প্রতিটি বেডের দৈর্ঘ্য হবে ১৭ ফুট প্রস্থ হবে ৩ ফুট এবং এক বেড থেকে আরেক বেডের দূরত্ব হবে ১০ ইঞ্চি;
৮. পলি শেডটি মাঝ বরাবর হতে উভয় দিকে ঢালু হবে, যাতে বৃষ্টির পানি সহজে গড়িয়ে পরতে পারে;
৯. খামারের চারপাশে বেড়া/নেটের উচ্চতা হবে ৩.৫ ফুট;
১০. পলি শেডের উভয় পাশের বেড়ার উপরের প্রান্ত হতে সাইডের পিলারের উচ্চতা হবে ৩.৫ ফুট এবং মাঝখানের পিলারের বেড়ার উপরের প্রান্ত হতে পিলারের উচ্চতা হবে ৫.৫ ফুট;
১১. প্রদত্ত নমুনা নকশা মোতাবেক মিনি পলি শেডে শাকসবজি খামার স্থাপন করতে হবে;
১২. স্থানীয় কৃষি অফিসারের পরামর্শক্রমে ৫টি বেডে ৫ ধরনের সবজি চাষ করা যেতে পারে।
১৩. সবজি বিন্যাস বছরব্যাপী ৮ থেকে ১৪ রকম শাকসবজি অনায়াসে চাষ করা যেতে পারে।

প্রথম বেডে পর্যায়ক্রমে - লালশাক / ডাঁটাশাক / টমেটো
দ্বিতীয় বেডে পর্যায়ক্রমে -পুঁইশাক / গিমা কলমি / মুলা
তৃতীয় বেডে পর্যায়ক্রমে - ধনেপাতা / লালশাক / বেগুন
চতুর্থ বেডে পর্যায়ক্রমে - মিষ্টি কুমড়া / কাঁচা মরিচ /পুদিনা
পঞ্চম বেডে পর্যায়ক্রমে - পালংশাক / ঢেঁড়স / লতিরাজ কচু

**তবে আবহাওয়া, স্থান, মাটির ধরণ, পারিবারিক চাহিদা, রুচি ও বাজার মূল্য অনুযায়ী শাকসবজি নির্বাচন করা যেতে পারে।**